

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির ফল প্রকাশ, পাস ৯০ শতাংশ

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের ডিগ্রি প্রথম বর্ষ পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে পাস করেছেন ৯০ দশমিক ২৯ শতাংশ পরীক্ষার্থী। শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়। ফল প্রকাশ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে জানানো হয়, এ পরীক্ষায় সারা দেশের ৬৪৯টি কেন্দ্রে ১৯২১টি কলেজের নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়নসহ সর্বমোট ২ লাখ ২৪ হাজার ৬৬২ জন পরীক্ষার্থী অংশ নেন। গড় উত্তীর্ণের হার ৯০ দশমিক ২৯ শতাংশ। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে এ ফল প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফলে কোনো ধরনের অসংগতি বা ভুল পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।